রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৩০, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ সেপ্টেম্বর ২০০২/১৪ আশ্বিন ১৪০৯

এস,আর,ও নং ২৬৮-আইন/২০০২।— যেহেতু সরকার পাবনা জেলার বেড়া মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত তফসিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য পাবনা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত তফসিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত বেড়া মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত তফসিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;



মূল্য ঃ টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4 (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার অত্র বিভাগের ৯ আশ্বিন, ১৪০৮ বাংলা মোতাবেক ২৪ সেপ্টেম্বর, ২০০১ ইংরেজী তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এস, আর,ও--২৭০-আইন/২০০১ এর তফসিল হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে বিলুপ্তক্রমে বেড়া মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল, যথাঃ—

তফসীল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নং | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | করমজা | সরিষা | ২৩ | ৪৫০১-৪৫৭১, ৪৫৭৩-৪৬০০, ৪৬০১-৫২৭২, ৫৩৫৬-৫৪০০, ৫৪০১-৫৪৯২, ৫৪৯৪-৫৪৯৮। |
| (২) | করমজা | করমজা | ১২৫ | ১৮৬৭-১৮৬৮, ২২৮৩-২২৮৯, ২২৫৮-২২৬৬, ২৩১৫-২৩২৫, ২৩৪৪-২৩৪৫, ২৩৬০-২৪০০, ২৪০১-২৪৯৯, ২৫০০-২৫৯৯, ২৬০০-২৭০০, ২৭০১-২৭৪২, ২৭৪৬-২৮৯৯, ২৮০০-৩০২১। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।